

**ঢাবি শিক্ষকদের কুকুর
মূর্তি সরিয়ে
নিয়েছে প্রশাসন**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

তীব্র সমালোচনার মুখে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসন শিক্ষকদের কুকুর মূর্তি সরিয়ে নিয়েছে। মঙ্গলবার চারুকলা অনুষ্ঠানের দিন, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও ছাত্রলীগ নেতারা জরুরি বৈঠকে বসে মূর্তি সরিয়ে নেয়ার সিদ্ধান্ত নেন। জানা গেছে, সোমবার চারুকলার অনুষ্ঠানের ছাত্রলীগ নেতাকর্মীরা উদ্দেশ্যপ্রণোদিতভাবে ঢাবির সাবেক উপাচার্য অধ্যাপক ড. এসএমএ ফায়েজসহ চার শিক্ষকের কুকুর মূর্তি বানিয়ে চারুকলা অনুষ্ঠানের দিন অফিসের সামনে প্রদর্শন করেছিলেন। এ নিয়ে ওইদিন শিক্ষক ও ছাত্রদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া হয়। তারা বিষয়টি প্রশাসন পৃষ্ঠা ১৫ কলাম ৩

প্রশাসন : ঢাবি

(শেষ পৃষ্ঠার পর)

উপাচার্য ও অনুষ্ঠানের দিনকে জানালেও তৎক্ষণিকভাবে কোনো ব্যবস্থা নেয়া হয়নি। গতকাল এ বিষয়টি প্রকাশিত হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সারাদেশে এ নিয়ে তীব্র সমালোচনার ঝড় ওঠে। এরপরই টনক নড়ে কর্তৃপক্ষের। দুপুর ১টার দিকে ডিসির নির্দেশে চারুকলায় প্রক্টর অধ্যাপক কে এম সাইফুল ইসলাম খান, অনুষ্ঠানের দিন অধ্যাপক এমদাদুল হক মো: মতলুব আলী ও ছাত্রলীগের বিশ্ববিদ্যালয় শাখার কয়েক শীর্ষ নেতা নেতাদের সঙ্গে অনুষ্ঠানের দিনের অফিসে বৈঠক বসেন। তবে বৈঠকের আগেই মূর্তিগুলো সরিয়ে ফেলা হয়। এ বিষয়ে অনুষ্ঠানের দিন অধ্যাপক এমদাদুল হক মো. মতলুব আলী বলেন, শিক্ষকদের মূর্তি প্রদর্শনী সরিয়ে নেয়া হয়েছে। যারা এ প্রদর্শনী করেছে সেই ছাত্রদের সঙ্গে আলোচনা হয়েছে। তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়া হচ্ছে কি না এ সম্পর্কে তিনি বলেন, এ রকম কোনো সিদ্ধান্ত হয়নি।